দৈনিক সংবাদ

তারিখ ... FEB. 06 2002
পৃষ্ঠা ১২ কলাম ৬

# প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের জন্য আইন শিথিল করার সুপারিশ

-নিজস্ব বার্তা পরিবেশক : "বাংলাদেশের উচ্চ শিক্ষায় প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ভূমিকা" শীর্ষক সেমিনারে বক্তারা প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের জন্য নতুন 'প্রাইভেট বিশ্ববিদ্যালয় অর্ডিন্যান্স' অধ্যাদেশ তৈরি এবং ভর্তুকির ব্যবস্থাসহ তাদের জন্য প্রযোজ্য বিভিন্ন আইন শিথিল করার সুপারিশ করেছেন সরকারের কাছে। রাজধানীর শেরাটন হোটেলে গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক। সেমিনারে মূল বক্তব্য উপস্থাপন করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক আমীরুল ইসলাম চৌধুরী। বাংলাদেশ ও দেশের বাইরের প্রায় ৩০টি প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং প্রতিনিধি এই সেমিনারে অংশগ্রহণ করেন। সেমিনারে সভাপতিত্ব করেন আমেরিকান চেম্বার অব কমার্স ইন বাংলাদেশ (আমচাম)-এর পরিচালক আবদুল গফুর। আলোচনায় অংশ নেন আমচাম-এর সভাপতি আফতাবউল ইসলাম, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা এ. এস. এম শাজাহান, অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী, অধ্যাপক রহিম বি তালুকদার প্রমুখ। সেমিনারের আয়োজন করে যৌথভাবে আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ, নর্থসাউথ ইউনিভার্সিটি বাংলাদেশ, ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ এবং আমেরিকান চেম্বার অব কমার্স ইন বাংলাদেশ। প্রধান অতিথির বক্তৃতায় শিক্ষামন্ত্রী বলেন, গণবিশ্ববিদ্যালয়ের মতো প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোতেও মেধাবী এবং গরিব ছাত্রছাত্রীদের জন্য বৃত্তি এবং বিনা খরচে পড়ানোর ব্যবস্থা করা উচিত। শিক্ষামন্ত্রী আরো বলেন, প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রীদের কোন আবাসন ব্যবস্থা নেই, তাদের আবাসিক ব্যবস্থা ও জবাবদিহিতা থাকা উচিত। তিনি এ ব্যাপারে সরকারের দৃষ্টিভঙ্গির উল্লেখ করে বলেন, প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের বর্তমান অবস্থা গণবিশ্ববিদ্যালয় থেকে অনেক দূরে। উভয়ের মধ্যে যোগসাজশ এবং ভারসাম্য তৈরিতে সরকারের আগ্রহ রয়েছে বলে তিনি উল্লেখ করেন।

সেমিনারের মূল বক্তা অধ্যাপক আমীরুল ইসলাম চৌধুরী বলেন, প্রাইভেট বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য শিক্ষাবিদরা এগিয়ে আসছে না অতিরিক্ত 'সিকিউরিটি ডিপোজিট' দিতে হয় এজন্য। তিনি সিকিউরিটি ডিপোজিট ৫ কোটি টাকা থেকে কমিয়ে আনার প্রস্তাব করেন। এছাড়া ভূমি ও স্থাপত্যবিষয়ক শর্ত শিথিল করারও সুপারিশ করেন।

অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী গণবিশ্ববিদ্যালয়ের মতো প্রাইভেট বিশ্ববিদ্যালয়কে ভর্তুকি দেয়ার জন্য সরকারের প্রতি দাবি জানান।

অন্য বক্তারা প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে অপেক্ষাকৃত সহনশীল এবং দায়িত্বশীল হওয়ার সুপারিশ করেন।